



ক্লিন ক্যাম্পাস ক্যাম্পেইন' এর সমাপনী অনুষ্ঠান



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সার্বিক শিক্ষার পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীসহ সকলকে উৎসাহ প্রদানের লক্ষ্যে ৩ দিন ব্যাপী অনুষ্ঠিত 'ক্লিন ক্যাম্পাস ক্যাম্পেইন' এর সমাপনী ১৯ সেপ্টেম্বর ২০২২-সোমবার রফিক ভবন চত্বরে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান এবং পরিবেশ উন্নয়ন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল কাদেরের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী রেজিস্ট্রার (এস্টেট) ও উক্ত কমিটির সদস্য সচিব কামাল হোসেন সরকার।

এসময় বিভিন্ন অনুষ্ঠানের দিন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, শিক্ষক সমিতির সভাপতি সহ অন্যান্য শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য গত ৭ সেপ্টেম্বর ৩ দিন ব্যাপী 'ক্লিন ক্যাম্পাস ক্যাম্পেইন' এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।